JAN. 2 3 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# বাকৃবি শিক্ষক সমিতি নির্বাচন : গণতান্ত্রিক শিক্ষক ফোরামের একাংশ অংশ নিচ্ছে না

মোঃ জাহেদুল আলম রুবেল, *বাকৃবি থেকে*

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনকে ঘিরে শিক্ষকদের নির্বাচনী প্রচারণা বেশ জমে উঠেছে। নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে চলছে ব্যাপক তোড়জোড়। শিক্ষক সমিতির এই নির্বাচন অনুষ্ঠিত হবে ৩১ জানুয়ারি বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে। নির্বাচনে মোট ৪০৯ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

আসন্ন এই নির্বাচনে শিক্ষকরা দুই প্যানেলভুক্ত হয়ে প্রতিযোগিতায় নেমেছেন। মুক্তিযুদ্ধের সপক্ষের ও আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকরা লড়ছেন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের ব্যানারে। অপরদিকে ইসলামী মূল্যবোধে বিশ্বাসী বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকরা সোনালী দলের ব্যানারে নির্বাচনে অংশ নিচ্ছেন। তবে গণতান্ত্রিক শিক্ষক ফোরামের একাংশ যারা উপাচার্যবিরোধী তারা প্রফেসর ড. মোঃ শহীদউল্লাহ তালুকদারের নেতৃত্বে নির্বাচনে অংশগ্রহণ থেকে বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে নির্বাচনে সোনালী দলের প্রার্থীরা সুবিধাজনক অবস্থায় রয়েছেন।

গত শনিবার ছিল মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। আওয়ামীপন্থী গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্যানেলে সভাপতি প্রার্থী হয়েছেন প্রফেসর ড. মোঃ মোহসীন আলী (একোয়াকালচার) ও সাধারণ সম্পাদক প্রার্থী সহযোগী প্রফেসর ড. মোহাম্মদ শামসুদ্দিন (সার্জারি ও অবস্টেটিক্স) প্যানেলের অন্য প্রার্থীরা হলেন, সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ আবদর রহমান সরকার (কৃষিতত্ত্ব), কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ খায়রুল আনাম (শারীরস্থান ও তন্ত্র বিভাগ), যুগ্ম সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন (একোয়াকালচার), সদস্য প্রফেসর ড. বিলাস কান্তি বালা (কৃষি শক্তি ও যন্ত্র), প্রফেসর ড. মোঃ শহীদুল হক (ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প), প্রফেসর ড. মোঃ আবুল বাসার (কৃষি অর্থ সংস্থান), প্রফেসর ড. মোঃ ফেরদৌস মণ্ডল (উদ্যানতত্ত্ব), মোঃ আজহারুল হক (পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান)।

অপরদিকে ইসলামী মূল্যবোধে বিশ্বাসী বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকদের সোনালী দলের সভাপতি প্রার্থী হয়েছেন প্রফেসর ড. মোঃ মোশারফ হোসাইন মিএগ (মৃত্তিকাবিজ্ঞান), সাধারণ সম্পাদক প্রার্থী প্রফেসর ড. মোঃ আবদুর রব্বানী (উদ্যানতত্ত্ব), অন্য প্রার্থীরা হলেন সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোতাহার হোসেন মণ্ডল (প্যারাসাইটোলজি), কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আবদুর রহমান হাওলাদার (পোল্ট্রিবিজ্ঞান), যুগ্ম সম্পাদক সহযোগী প্রফেসর ড. আবু জোফার মোহাম্মদ মোসলেহ উদ্দীন (মৃত্তিকা বিজ্ঞান) সদস্য প্রার্থীরা হলেন, প্রফেসর ড. মোঃ মোশারফ হোসেন (কীটতত্ত্ব), প্রফেসর ড. মোঃ ইদ্রিস মিয়া (ফিশারিজ ম্যানেজমেন্ট), প্রফেসর ড. এম মোক্তারুজ্জামান (ডেইরি বিজ্ঞান), প্রফেসর ড. একিউএম বজলুর রশীদ (প্ল্যান্ট প্যাথলজি), প্রফেসর ড. মোঃ নুরুল ইসলাম (ফুড টেকনোলজি), সহযোগী প্রফেসর ড. মোঃ আকতারুজ্জামান (কৃষি অর্থনীতি)।